

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হোমনা, কুমিল্লা।

উপজেলা বাল্য বিবাহ ও যৌতুকনিরোধ কমিটি হোমনা, কুমিল্লা এর নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : ক্ষেমালিকা চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা।
সভার স্থান : সভা কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোমনা, কুমিল্লা।
তারিখ : ২৮/১২/২০২৩; সময়ঃ ১১.০০ টা।

উপস্থিত ব্যক্তিবর্গের নাম ও পদবী : পরিশিষ্ট “ক”।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হোমনা, কুমিল্লা গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। সভায় অত্র উপজেলা যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন কার্যক্রমের বর্ণনা দেন। তাছাড়া তিনি আরো জানান যে, সভাপতি বলেন হোমনা উপজেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা হয়েছে। তাই যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে কার্যকর ভূমিকা পালন করতে বলা হয়। ইমামগণ ধর্মীয় নেতা হিসেবে বাল্যবিবাহ রোধে বিশেষ ভূমিকা পালন করতে পারেন আর সে বিষয়ে সজাগ ও সচেতন থাকতে অনুরোধ করা হয়। নারী পুরুষ নির্বিশেষে সকলকে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতন হতে হবে। তাছাড়া কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে প্রতিটি ইউনিয়নে ক্লাবের সদস্যদের মাধ্যমে বাল্যবিবাহ প্রতিরোধ করতে হবে। আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে বাল্যবিবাহ ও যৌতুক থেকে মুক্ত করা আমাদের দায়িত্ব। অতঃপর সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১। বাল্যবিবাহ প্রতিরোধে গৃহীত উদ্ভুদ্ধকরণ সভা সংক্রান্ত তথ্যাদি :

ক্রমিক নং	কর্মসূচীর ধরণ	স্থান	তারিখ	উপকারভোগীর বিবরণ	উপকারভোগীর সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১।	সচেতনতামূলক সভা	মাথাভাঙ্গা	১৯/১২/২০২৩	কার্ডধারী	৮০	
২।	সচেতনতামূলক সভা	দুলালপুর	২০/১২/২০২৩	কার্ডধারী	৮৪	
৩।	সচেতনতামূলক সভা	চান্দেদরচর	২১/১২/২০২৩	কার্ডধারী	৮৫	
৪।	সচেতনতামূলকসভা	জয়পুর	২৪/১২/২০২৩	কার্ডধারী	৭৫	

২। ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ নিরোধ সভা সংক্রান্ত :

আলোচনা : ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ ও যৌতুক নিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত করা এবং প্রতি মাসের ০২ তারিখের মধ্যে সভার কার্যবিবরণীসহ প্রতিবেদন নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি প্রাথমিক পর্যায়ে উপজেলার স্কুল গুলোকে বাল্যবিবাহ প্রতিরোধে কমিটি রয়েছে তার কার্যক্রম জোরদার করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ নিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান পূর্বক কার্যবিবরণী পরবর্তী মাসের ০২ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত তথ্যাদি :

উপজেলার নাম	ইউনিয়নের নাম	বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে এমন বিবাহের সংখ্যা	বাল্যবিবাহ হতে পরিত্রাণ পেয়েছে এমন শিশুর ঠিকানা	মন্তব্য
হোমনা	১ নং মাথাভাঙ্গা	-	-	
	২ নং ঘাণ্ডিয়া	-	-	
	৩ নং দুলালপুর	-	-	
	৪ নং চান্দেদরচর	-	-	
	৫ নং আছাদপুর	-	-	
	৬ নং নিলখী	-	-	
	৭ নং ভাষানিয়া	-	-	
	৮ নং ঘারমোড়া	-	-	
	৯ নং জয়পুর	-	-	
	পৌরসভা	-	-	

সভাপতি বলেন হোমনা উপজেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা হয়েছে। সকল ইউনিয়নে সচেতনতামূলক কার্যক্রম চলমান থাকবে। তিনি আরও জানান, সচরাচর প্রচলিত কোর্ট ম্যারিজের মাধ্যমে বিবাহের আইনগত কোন ভিত্তি নেই। এই কারণ দেখিয়ে যদি কোন বিবাহ সংঘটিত হয় তার প্রমান পত্রসহ আইনের আওতায় নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তাছাড়া তিনি চেয়ারম্যানদের প্রত্যেক মাসিক সভায় বাল্যবিবাহ ও যৌতুককে নিরুৎসাহিত করার আলোচনা করতে হবে। প্রত্যেক মাধ্যমিক বিদ্যালয়ে এ বিষয়ে আলোচনা চালিয়ে যেতে হবে।

সিদ্ধান্ত : সকল ওয়ার্ড এবং ইউনিয়নকে বাল্যবিবাহ ও যৌতুক মুক্ত রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়ন : ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (সকল) হোমনা, কুমিল্লা।

৪. সভাপতি বলেন বাল্যবিবাহ ও যৌতুক নিরোধকল্পে প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম জোরদার করতে হবে।

সিদ্ধান্ত : বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (সকল) হোমনা, কুমিল্লা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধণ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(শ্বেমালিকা চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি

হোমনা, কুমিল্লা।

স্মারক নং- ৩২.০১.১৯৫৪.০০০.০৬.০০৮.২৩-১৮৩

তারিখ : ২৮/১২/২০২৩


সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, কুমিল্লা।

০২। সভাপতি, বার কাউন্সিল, কুমিল্লা।

০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা।

০৪। অফিস কপি।



(তানজুমা পারভীন নুনা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সদস্য সচিব

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি

হোমনা, কুমিল্লা।